

THE BUSINESS STANDERD
06 December, 2021



ন্যাশনাল পলিমার ইন্ডাস্ট্রিজ লিমিটেড

এনপলি হাউস, গ-৯৯/৩ প্রগতি স্মরণী, মধ্য বাজা, ঢাকা-১২১২।

টেলিফোন : ০২-০২-৫৮৮১২৯২৬, ০২-৫৮৮১৩০৩৯

মোবাইল: ০১৯৭০-৩০৩৮৭৯, E-mail: maleque@nationalpolymer.net

অদাবীকৃত/ অবন্টিত বোনাস শেয়ার গ্রহন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর গত ২৪ নভেম্বর ২০২১ইং তারিখের নির্দেশনা নং এসইসি/এসআরএমআইসি/১৬৫-২০২০/৩০৬ এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড) বিধি, ২০২১, অনুসারে লভ্যাংশ ঘোষণা/অনুমোদনের দিন/রেকর্ড ডেট এর তারিখ থেকে ৩ (তিন) বছরের অধিক সময় অদাবীকৃত/অবন্টিত বোনাস শেয়ার অথবা রাইটস শেয়ার বিএসইসি'র ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড বা "পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিল" এর বিও হিসাবে স্থানান্তর করতে হবে।

অতএব, কোম্পানীর সম্মানিত শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণকে বিগত ২০০৯ সালের অদাবীকৃত/অবন্টিত রাইটস শেয়ার এবং ২০১১ সাল থেকে ২০১৮ সাল পর্যন্ত অদাবীকৃত/অবন্টিত বোনাস শেয়ার গ্রহনের জন্য আগামী ০৫ জানুয়ারী ২০২২ইং তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র ও ১৬ ষোলো সংখ্যার বিও (Beneficiary Owners) হিসাব নাম্বারসহ আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

উল্লিখিত সময়ের মধ্যে যে সকল শেয়ারহোল্ডার প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনের মাধ্যমে অদাবীকৃত/অবন্টিত বোনাস শেয়ার অথবা রাইটস শেয়ার সংগ্রহ করতে অপারগ হবেন তাদের বোনাস/রাইটস শেয়ার বিএসইসি'র নির্দেশনা ও বিধি অনুসারে, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) কর্তৃক পরিচালিত বিএসইসি'র ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিল এর বিও হিসাবে আগামী ১৫ জানুয়ারী ২০২২ইং তারিখের মধ্যে স্থানান্তর করার জন্য কোম্পানী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবে।

এতদসংশ্লিষ্ট যেকোন প্রয়োজনে শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণ ০১৯৭০-৩০৩৮৭৯, ০২-৫৮৮১২৯২৬ নাম্বারে যোগাযোগ করতে পারেন অথবা maleque@nationalpolymer.net এই ই-মেইল ঠিকানায় মেইল করতে পারেন।

পরিচালনা পর্ষদের পক্ষে

তারিখ: ঢাকা,
০৬ ডিসেম্বর ২০২১ইং

স্বাক্ষরিত/-
মোঃ আব্দুল মালেক
কোম্পানী সচিব।